

আসসালামু আলাইকুম

বলা হয়ে থাকে, “আজকের শিশুই জাতির আগামী ভবিষ্যৎ”। ভোরের সূর্য যেমন পূর্বাপর দিনের বার্তা প্রকাশ করে, ঠিক তেমনি শিশুর প্রারম্ভিক শিক্ষার মানই নির্ধারণ করে দেয় তার পরবর্তী জীবনের ভিত্তিমূল। প্রতিষ্ঠালগ্ন হতে অদ্যবধি অত্যন্ত সুনাম এবং নিষ্ঠার সাথে বিদ্যালয়টি শিক্ষার গুণগত মান বজায় রেখে আসছে। বিদ্যালয়টি অভিজ্ঞ ও সুশিক্ষিত শিক্ষক-শিক্ষিকামন্ডলীর দ্বারা এবং এর শক্তিশালী পরিচালনা পরিষদ ও অভিভাবক মন্ডলীর প্রত্যেকের সহযোগিতায় পরিচালিত। বিদ্যালয়টিতে পাঠ্যপুস্তক ভিত্তিক জ্ঞানদানের পাশাপাশি মানসিক উৎকর্ষতা সাধনের জন্যও নানাবিধ ব্যবস্থা রয়েছে। আমি বিদ্যালয়টির উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি এবং এ লক্ষ্যে ছাত্র-ছাত্রী, অভিভাবক মন্ডলীসহ সকলের সহযোগিতা ও দোয়া কামনা করছি।

মোঃ রুহুল আমীন

প্রধান শিক্ষক

জ্ঞানগৃহ আদর্শ উচ্চ বিদ্যালয়